# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 29 April, 2025

আশুলিয়ায় ব্রিজের নিচের ডোবা থেকে মজিদ (৪৮) নামে মানসিক ভারসাম্যহী এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রক্রিয়া চলছে।

মঙ্গলবার (২৯ এপ্রিল) সকাল সাড়ে ৮টার দিকে আশুলিয়ার বাইপাইল এলাকার জোড়া ব্রিজের নিচের একটি খাল থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

নিহত মজিদ (৪৮) সিরাজগঞ্জ জেলার কাজিপুর থানার কাজিপুর গ্রামের মনছেরের ছেলে।

পুলিশ জানায়, স্থানীয়দের সাথে কথা বলে জানা যায় সে বেশ কয়েক মাস ধরে ওই এলাকায় পাগল ভেসে ঘুরতো।প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ব্রিজ থেকে পরে গিয়ে তার মৃত্যু হয়েছে।

আশুলিয়া থানার উপ-পরিদর্শক (এসআই) জাহাঙ্গীর আলম জানান, সকালে জাতীয় জরুরি সেবার নাম্বার ৯৯৯-এ কল করে লাশের খবর দেন স্থানীয়রা। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে নিহতের মরদেহ উদ্ধার করে এবং তার পরিচয় সনাক্ত করে। মরদেহটি ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রক্রিয়া চলছে।

পুলিশ মরদেহ আশুলিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:38

URL: https://timestodaybd.com/across-the-country/1600466334